



“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : [www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)



স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি/২০১৯/৪৩৮

তারিখ : ২০/০৮/২০১৯ খ্রি:

### অফিস আদেশ

নিম্নোক্ত প্রতিষ্ঠান প্রধানগণের আবেদন, স্থানীয় প্রশাসনের সুপারিশ এবং পরীক্ষার্থীদের যাতায়াত সুবিধার বিষয়টি বিবেচনা করে এতদসঙ্গে সংযুক্ত তালিকার বিদ্যালয়গুলোকে অন্তর্ভুক্ত করে নিম্নোক্ত শর্তে সাময়িকভাবে ২০১৯ সনের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার পূর্ণাঙ্গ কেন্দ্র হিসেবে অনুমোদন দেওয়া হল।

#### শর্তাবলী :

- কুমিল্লা শিক্ষাবোর্ড কর্তৃক সরবরাহকৃত জেএসসি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন করতে হবে।
- পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক জারীকৃত জেএসসি পরীক্ষা-২০১৯ এর অনুসরণীয় বিষয়াবলী সঠিকভাবে অনুসরণ করতে হবে।
- সংশ্লিষ্ট জেলা সদরে জেলা প্রশাসক এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হবেন।
- পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী কেন্দ্র বিদ্যালয়ের নিজস্ব পরীক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠানে পরীক্ষা দিতে পারবে না।
- সুষ্ঠু ও সুন্দরভাবে পরীক্ষা পরিচালনার জন্য পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালার সংশ্লিষ্ট বিধান মোতাবেক একটি কেন্দ্র কমিটি গঠন পূর্বক আগামী ১০ অক্টোবর ২০১৯ খ্রি: তারিখের মধ্যে গঠিত কমিটি অনুমোদনের জন্য বোর্ডে প্রেরণ করতে হবে।
- শিক্ষাবোর্ডের নির্দেশনা মোতাবেক নির্ধারিত কেন্দ্র নবায়ন ফি প্রতি বছর পরীক্ষা আরম্ভ হওয়ার কমপক্ষে ৩ মাস আগে বোর্ডের সচিবের অনুকূলে জমা দিয়ে কেন্দ্র নবায়ন করে নিতে হবে।
- কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা পরীক্ষার গোপনীয় কাগজপত্রের নিরাপদ হেফাজত ও নিরাপত্তামূলক সংরক্ষণের ব্যবস্থা নিশ্চিত করবেন।
- পরীক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- পরীক্ষা পরিচালনায় কোন প্রকার অনিয়ম, নকল প্রবণতা ও বিশৃঙ্খলা পরিলক্ষিত হলে সাথে সাথে কেন্দ্র বাতিল করা হবে।
- কেন্দ্রের চতুর্দিকে সীমানা প্রাচীর/কাঁটা তারের মজবুত বেড়া দ্বারা ঘেরাও করার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- পরীক্ষার্থীদের নিকট থেকে প্রাপ্ত কেন্দ্র ফি দ্বারা কেন্দ্রের সকল ব্যয় নির্বাহ করতে হবে। বোর্ড হতে কোন আর্থিক সহায়তা প্রদান করা হবে না।
- প্রশ্নপত্র সংরক্ষণের জন্য ট্রেজারী/থানার মালখানা ব্যবহার করতে হবে।
- ৬ (ছয়) ফুট লম্বা বেধে ২ (দুই) জন পরীক্ষার্থীর আসন ব্যবস্থা করতে হবে। কোন অবস্থাতেই ৬ (ছয়) ফুটের কম লম্বা বেধে ২ (দুই) জন পরীক্ষার্থীর আসন ব্যবস্থা করা যাবে না।
- পরীক্ষার্থীদের (ছাত্র ও ছাত্রী) জন্য অবশ্যই আলাদা স্বাস্থ্যসম্মত স্যানিটেশন সুবিধা এবং বিশুদ্ধ পানির ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- উপরে বর্ণিত শর্তগুলো প্রতিপালন সম্পর্কে উপজেলা নির্বাহী অফিসারের মন্তব্যসহ একটি প্রতিবেদন পরীক্ষা আরম্ভ হওয়ার কমপক্ষে ১০ দিন পূর্বে পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

### জেএসসি পরীক্ষা- ২০১৯ এর অনুমোদিত নতুন কেন্দ্র তালিকা :

ক্রমিক নং	নতুন অনুমোদিত কেন্দ্রের নাম ও কোড	কেন্দ্র বিদ্যালয়ের নাম, ইন নম্বর ও ঠিকানা	বর্তমান কেন্দ্রের নাম ও কোড নম্বর	কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানের নাম ও ইন নম্বর
১.	নাসিরনগর-৪ (কেন্দ্রকোড: ৪৪৭)	নাসিরনগর আশুতোষ পাইলট উচ্চ বিদ্যালয় ( ১০৩৪৪৬ ) ডাকঘর : নাসিরনগর উপজেলা : নাসিরনগর জেলা : ব্রাহ্মণবাড়িয়া মোবাইল : ০১৭১৬-৯৬৫৬৩৩	নাসিরনগর-১ (৪৩২)	১। নাসিরনগর আশুতোষ পাইলট উচ্চ বিদ্যালয় - ১০৩৪৪৬ ২। ফান্দাউক পন্ডিতরাম উচ্চ বিদ্যালয় - ১০৩৪৫০ ৩। বিজয়লক্ষ্মী স্কুল এন্ড কলেজ- ১০৩৪৫৭ ৪। পূর্বভাগ এসইএসডিপি মডেল স্কুল - ১৩৪৮৩৯ ৫। শ্রীঘর এসইএসডিপি মডেল স্কুল - ১৩৫৬২০ ৬। সৈয়দ কামরুজ্জামান উচ্চ বিদ্যালয় - ১০৩৪৪৩ ৭। ধরমন্ডল উচ্চ বিদ্যালয় - ১০৩৪৫৪ ৮। গোয়ালনগর উচ্চ বিদ্যালয় - ১০৩৪৫৩
২.	বাঞ্ছারামপুর- ৫ (কেন্দ্রকোড: ৪৪৮)	উজানচর কে. এন উচ্চ বিদ্যালয় (১০৩১৭৫) ডাকঘর : উজানচর উপজেলা : বাঞ্ছারামপুর জেলা : ব্রাহ্মণবাড়িয়া মোবাইল : ০১৭২৮-২৬৯২৩৬	বাঞ্ছারামপুর- ১ (৪১৪)	১। উজানচর কে. এন উচ্চ বিদ্যালয় - ১০৩১৭৫ ২। বহেরচর আদর্শ উচ্চ বিদ্যালয় - ১০৩১৮৫ ৩। ধারিয়ারচর হাজী ওমর আলী উচ্চ বিদ্যালয় - ১০৩১৭৯
৩.	লক্ষ্মীপুর- ১২ (কেন্দ্রকোড: ৭২৫)	লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় (১০৬৮৯৯) ডাকঘর : সদর জেলা : লক্ষ্মীপুর মোবাইল : ০১৭২৭-২৭১১৭০	লক্ষ্মীপুর - ১ (৭০০)	১। লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়- ১০৬৮৯৯ ২। পৌর শহীদ স্মৃতি একাডেমি- ১০৬৮৯৬ ৩। কালেক্টরেট স্কুল এন্ড কলেজ- ১৩৮২৯২ ৪। খিলবাইছা জি.এফ. ইউনিয়ন স্কুল এন্ড কলেজ- ১০৬৯০৩ ৫। খিলবাইছা উচ্চ বালিকা বিদ্যালয়- ১০৬৯২১ ৬। লক্ষ্মীপুর পৌর জনকল্যাণ একাডেমি- ১৩১০৯৯

২০/০৮/১৭



ক্রমিক নং	নতুন অনুমোদিত কেন্দ্রের নাম ও কোড	কেন্দ্র বিদ্যালয়ের নাম, ইন নম্বর ও ঠিকানা	বর্তমান কেন্দ্রের নাম ও কোড নম্বর	কেন্দ্রের আওতাধীন প্রতিষ্ঠানের নাম ও ইন নম্বর
৪.	নাঙ্গলকোট-১২ (কেন্দ্রকোড: ২১৩)	ডাঃ যোবায়দা হান্নান হাইস্কুল এন্ড কলেজ (১০৬১৬৬) ডাকঘর ও উপজেলা : নাঙ্গলকোট জেলা : কুমিল্লা মোবাইল : ০১৭১৬-১৬২০৭৮	নাঙ্গলকোট-৩ (১৯৭)	১। ডাঃ যোবায়দা হান্নান হাইস্কুল এন্ড কলেজ -১০৬১৬৬ ২। মক্ৰবপুর উচ্চ বিদ্যালয় - ১০৬০৯৪ ৩। উত্তর শাকতলী আদর্শ উচ্চ বিদ্যালয় - ১০৬০৭৬ ৪। ইসলামপুর উচ্চ বিদ্যালয় - ১০৬১১১ ৫। পেরিয়া উচ্চ বিদ্যালয় -১০৬০৮০

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২০/০৮/১৯

(ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬১৭২

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি/২০১৯/৪৩৮/(৮)

তারিখ : ২০/০৮/২০১৯ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। জেলা প্রশাসক, কুমিল্লা, ব্রাহ্মণবাড়ীয়া ও লক্ষ্মীপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা। (ডাটা বেইসে অন্তর্ভুক্ত বিদ্যালয়সহ কেন্দ্র তালিকা হালনাগাদ করার জন্য অনুরোধ করা হল)
- ৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট স্কুল এন্ড কলেজ/ বিদ্যালয়  
(তাকে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং কেন্দ্রের আওতাধীন বিদ্যালয়সমূহের প্রধানকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হল।)
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, (চেয়ারম্যান মহোদয়কে বিষয়টি গোচরীভূত করার জন্য)।
- ৭। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)/সহকারী সচিব/ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা।
- ৮। সংরক্ষণ নথি।

২০/০৮/১৯

(মোহাম্মদ শহিদুল ইসলাম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৪৬১